

জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।

www.ccie.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০২.১১.০০১.২১.৪১২

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯

০৩ আগস্ট ২০২২

বিষয়: চাকুরী হতে স্বেচ্ছায় ইস্তফা প্রদান প্রসঙ্গে।

সূত্র: আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নং-২৬.০৩.১২০০.০০১.৯৫.০০৩.২০/১৩১, তারিখ: ২৬
জুলাই ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব এনামুল হক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের বিগত ২৩ জুন ২০২১ তারিখের নং- ২৬.০৩.০০০০.০০২.১৩.০০১.১৭-০৫ সংখ্যক পত্রের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ০১/০৯/২০২১ তারিখ এ দপ্তরে "অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদে যোগদান করেন এবং স্মারক নং- ২৬.০৩.০০০০.০০২.১৮.০০৪.২০.৬৩, তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২১ এর প্রেক্ষিতে ১৯/০৯/২০২১ তারিখ আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রামে পদায়িত হয়ে চট্টগ্রাম দপ্তরে যোগদান করেন। পরবর্তিতে ব্যক্তিগত ও পারিবারিক সমস্যার কারণে আপনার পক্ষে চাকরি করা সম্ভব নয় মর্মে উল্লেখপূর্বক স্বেচ্ছায় ইস্তফা প্রদান করে ২৬/০৬/২০২২ তারিখ অপরাহ্ন হতে চাকরি থেকে অব্যাহতি প্রদানের জন্য ১৯/০৬/২০২২ তারিখ আবেদনপত্র দাখিল করেন।

২। বর্ণিত অবস্থায়, সরকারি চাকরি হতে স্বেচ্ছায় ইস্তফা প্রদানের জন্য আপনার দাখিলকৃত আবেদনপত্র গ্রহণপূর্বক আপনাকে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম এর "অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদে চাকরি হতে বিগত ২৬/০৬/২০২২ তারিখ অপরাহ্ন থেকে নির্দেশক্রমে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

৩-৮-২০২২

মোঃ হাবিবুর রহমান সুমন

সহকারী নিয়ন্ত্রক

ফোন: ০২-৪১০৫০৫৩৬

ইমেইল: ac1.ho@ccie.gov.bd

জনাব এনামুল হক, পিতা: মোহাম্মদ হোসাইন, গ্রাম:
কালিকাপুর, ডাকঘর: কালিকাপুর, থানা: বুড়িচং, জেলা:
কুমিল্লা।


স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০২.১১.০০১.২১.৪১২/১

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯

০৩ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, সরকারী কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ২) বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম।
- ৩) প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৪) অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) মহোদয় এর ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৫) নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৬) ব্যক্তিগত নথি।
- ৭) অফিস কপি।



৩-৮-২০২২

মোঃ হাবিবুর রহমান সুমন
সহকারী নিয়ন্ত্রক